সরকারি বাসভবন যমুনা ছাড়লেন ড. মুহাম্মদ ইউনূস



ড. মুহাম্মদ ইউনূস। ছবি: সংগৃহীত

সাবেক অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস রাজধানীর সরকারি বাসভবন ‘রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনা’ ত্যাগ করেছেন।

শনিবার (২৮ ফেব্রুয়ারি) বিকেল সাড়ে ৩টার দিকে তিনি যমুনা থেকে বের হয়ে গুলশানে অবস্থিত নিজ বাসভবনের উদ্দেশে রওনা দেন। বিষয়টি নিশ্চিত করেছেন ডিএমপির রমনা বিভাগের উপ-কমিশনার মাসুদ আলম।

সংশ্লিষ্ট সূত্র জানায়, তিনি ভবনটি ছাড়ার পর সেখানে সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম শুরু করবে গণপূর্ত অধিদপ্তর। এদিকে নবনিযুক্ত প্রধানমন্ত্রী তারেক রহমান যমুনায় উঠবেন কি না, তা এখনো চূড়ান্ত হয়নি। সংস্কারকাজ শেষ হওয়ার পর এ বিষয়ে আনুষ্ঠানিক সিদ্ধান্ত জানানো হতে পারে।

LENS ASIA